JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/28/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো লেক অন্টারিও (LAKE ONTARIO) কমিউনিটিতে বন্যা প্রতিহত করার জন্য বিভিন্ন সম্পদের উন্নয়ন সাধন করেছিলেন

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ ও জরুরি পরিষেবা এবং পরিবহন বিভাগ (Division of Homeland Security and Emergency Services and Department of Transportation) সতর্কতা সৃষ্টির জন্য সক্রিয়ভাবে 216,000 বালির ব্যাগ এবং বিভিন্ন স্টেট এজেন্সি মোতায়েন করেছিল

পানির স্তর বৃদ্ধির কারণে ক্ষতিগ্রস্ত যেকোনো কমিউনিটিকে সহায়তা করতে স্টেট এজেন্সি সর্বদা প্রস্তুত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে তিনি লেক অন্টারিও এর উপকূলে কমিউনিটির জনগণকে লেকের বর্ধিষ্ণু পানির স্তরের কারণে সৃষ্ট সম্ভাব্য বন্যার হাত হতে রক্ষা করার জন্য স্টেট এজেন্সিদেরকে সম্পদসমূহ কাজে লাগানো শুরু করতে বলেছেন। কানাডার মারাত্মক বন্যা পরিস্থিতির পর আন্তর্জাতিক যুগ্ম কমিশন (International Joint Commission, IJC) এর অন্তর্ভুক্ত দেশগুলো সেন্ট লরেন্স নদী (St. Lawrence River) এর মসেস সাউন্ডারস বাঁধের (Moses-Saunders Dam) পানি প্রবাহের প্রভাব কমানোর জন্য কাজ করে যাচ্ছে কারণ সম্প্রতি লেকের পানির স্তর গড়ে এক ফুটের উপরে অবস্থান করছে। আসন্ন দিনগুলোতে উত্তর পূর্বকোণের বৃষ্টিপাতের পরিমাণ পূর্বানুমান করে এবং পানি প্রবাহ কখন বৃদ্ধি পাবে তা বিবেচনা না করেই গভর্নর কুওমো এলাকাবাসীকে তাদের প্রয়োজনীয় সম্পসমূহ প্রদান করার মাধ্যমে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করার প্রতিশ্রুতি দেন।

"2017 সালে লেক অন্টারিও এর উপকূলে পানির স্তর বিগত 20 বছরের মধ্যে সবচাইতে বেশি উপরে উঠেছিল যার ফলে উপকূলসমূহে ধ্বংসাত্মক প্রভাব পড়ে, এই এলাকায় বন্যা প্রতিরোধের জন্য সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা কতটা জরুরি তা আমরা সকলে উপলব্ধি করতে পারি", **গভর্নর কুওমো বলেন**। "পর্যাপ্ত সতর্কতা অবলম্বন করার প্রমাণ স্বরূপ বলা যায় আমরা এ সকল সম্পদসমূহ লেক অন্টারিও এর উপকূলবর্তী জনগোষ্ঠীকে রক্ষা করা এবং পানির স্তরের উচ্চতা প্রতিহত করার জন্য কাজে লাগাচ্ছি।"

এই বছরের প্রথম দিকে, গভর্নর কুওমো আন্তর্জাতিক যুগ্ম কমিশনের কাছে আবেদনপূর্বক লিখেছেনযে এটি 2017 সালে হাজার হাজার নিউ ইয়র্কের বাসিন্দা যে বন্যা প্রত্যক্ষ করেছেন সেটি প্রতিরোধের পানির অটোরিকোয়ার নির্গমন ব্যবস্থা সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যায়। তারপর থেকে পানির স্বাভাবিক স্তর গড়ে স্বাভাবিকের তুলনায় বেড়েই চলছে এবং আসন্ন সপ্তাহগুলোতে এটি আরও বাড়বে বলে

ধারণা করা হচ্ছে, যা সম্ভাব্য বন্যার হাত হতে এ অঞ্চলের গৃহমালিক এবং ব্যবসায়ীদের রক্ষা করার জন্য রাষ্ট্রীয় সম্পদের সক্রিয় ব্যবহার নিশ্চিত করা অত্যন্ত জরুরি করে তুলেছে।

স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগ (State Division of Homeland Security and Emergency Services) আঞ্চলিক অংশীদারদের সাথে সার্বক্ষণিক প্রস্তুত থাকার ব্যাপারে সমন্বয় সাধনের কাজ শুরু করে দিয়েছে এবং বন্যা সংঘটিত হবার পূর্বেই এর জটিল পরিস্থিতিতে সাড়া প্রদান এবং লেক উপকূলের জনগোষ্ঠীকে সম্ভাব্য বন্যার ক্ষতিকর প্রভাব হতে রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে। ইতোমধ্যে, কায়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অরলিন্স, অসিগো, সেন্ট লরেন্স, এবং ওয়েন এর কাউন্টিসমূহের নির্দিষ্ট স্থানগুলোতে মোট 216,000টি বালিভর্তি ব্যাগ স্থাপন করা হয়েছে। প্রয়োজনে ব্যবহার করার জন্য উপকূলীয় সম্পদ রক্ষার্থে সংশ্লিষ্ট বিভাগও পানির নিচে 6,771 ফুট বাঁধ নির্মাণের প্রস্তুতি গ্রহণ করছে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর বিশেষজ্ঞগণ পানির স্তর বৃদ্ধি পেলে ক্ষতিগ্রস্থ হতে পারে এমন সকল এলাকা চিহ্নিত করে প্রতিনিয়ত সম্ভাব্য এলাকা নির্ধারণ করার জন্য পানির স্তর প্রদর্শন করার জন্য আন্তর্জাতিক যুগ্ম কমিশন (IJC) হতে প্রাপ্ত তথ্য এবং প্রতিবেদন পর্যবেক্ষণ করছেন। উপরন্তু, DEC অনুমোদিত কর্মীগণ নগর এলাকার জনগণকে বা সম্পদ মালিকদেরকে সহায়তা করার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় অনুমোদনসহ সদা প্রস্তুত রয়েছেন এবং উচ্চ মাত্রার পানি প্রবাহ হতে এবং বাতাসের কারণে সৃষ্ট উচ্চ চাপের ঢেউ হতে তারা তাদের সম্পদ রক্ষার্থে প্রয়োজনীয় সংস্কার সাধনের কাজও করতে পারবেন। কারণ 2017 সালের বর্ধিত পানির স্তরের কারণে DEC জরুরি পরিস্থিতিতে পদক্ষেপ গ্রহণের মাধ্যমে মোকাবেলা করার জন্য এবং উপকূল সুরক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ করার নিমিত্তে 3,000 এর অধিক অনুমোদন দিয়েছেন যার ফলে লেক অন্টারিও, নিম্নতর নায়াগ্রা নদী (Lower Niagara River) এবং সেন্ট লরেন্স নদীর উপকূলবর্তী এলাকার অন্তর্গত অঞ্চলসমূহে পানির উচ্চ চাপের প্রভাব চিহ্নিত করা যাবে।

সংশোধন এবং কমিউনিটি তত্বাবধান বিভাগ (Department of Corrections and Community Supervision, DOCCS) সম্প্রতি বালির ব্যাগ ভরাট করার মাধ্যমে প্রত্যকের জন্য উপযুক্ত রুদ্ধদ্বার তৈরির জন্য দুইটি 12 জন কর্মীর নাবিক প্রদান করছে। উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট সেন্টার (Willard Drug Treatment Center) হতে সোডাস, নিউ ইয়র্ক (Sodus, NY) এর স্টেটর পরিবহন বিভাগ এর সুবিধায় (State DOT facility) একজন নাবিক কাজ করছে। অন্যান্য নাবিকগণ স্টেটর পরিবহন বিভাগ সুবিধা (State DOT facility) হিলটন, নিউ ইয়র্ক এর বালির ব্যাগ ভর্তি করার কাজ করছে। আসন্ন সময়ে প্রয়োজন অনুসারে সংশোধন ও কমিউনিটি তত্বাবধান বিভাগ (DOCCS) এর অতিরিক্ত ছয়জন নাবিক নিয়োজিত করার মতো সক্ষমতা রয়েছে।

উপরন্তু, স্টেটের পরিবহন বিভাগ এবং সংশোধন ও কমিউনিটি তত্বাবধান বিভাগে কর্মরত নাবিকদের সাথে একযোগে বালির ব্যাগ মোতায়েনের কার্যক্রম পর্যবেক্ষণ করছেন কারণ এর সুফল ঐ আটটি কাউন্টি যাদের প্রত্যেকের সীমান্ত হচ্ছে লেক অন্টারিও তারা সকলে ভোগ করতে পারবে। ওয়েন এবং মনরো এর কাউন্টিসমূহে ইতোমধ্যে এর কার্যক্রম শুরু হয়ে গিয়েছে, যেখানে এই

সপ্তাহের শেষ নাগাদ 10,000 এর অধিক বালির ব্যাগ ভর্তি করার কাজ শুরু করা হয়েছে এবং সেগুলো ব্যবহারের জন্য প্রস্তুত রাখা হয়েছে।

পরিবহন বিভাগের চিফ অব স্টাফ টড ওয়েস্থিয়াস বলেন, "প্রতিটি কমিউনিটি যেগুলো উপকূলবর্তী এবং পানির উচ্চ চাপের ফলে ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলোতে সময়মত যাতে বালিভর্তি ব্যাগ ভূখন্ড হস্তান্তর করা যায় সেজন্য আমাদের নিবেদিত কর্মীদল কাজ করে যাচ্ছে। গভর্নর কুওমোর নের্তৃত্বে আমাদের প্রতিষ্ঠান বন্যা সংক্রান্ত দুর্যোগ যেমন আঞ্চলিক রাস্তাঘাট, ব্রিজ, কালভার্ট এবং পানি নিষ্কাষণ ব্যবস্থার বিপর্যয় মোকাবেলায় সম্পূর্ণরূপে প্রস্তুত রয়েছে এবং সরকার নিয়োজিত আমাদের আঞ্চলিক অংশীদারদের সহায়তা করার জন্য সদা প্রস্তুত রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরি সার্ভিস (New York State Homeland Security and Emergency Services) এর ভারপ্রাপ্ত কমিশনার প্যাট্রিক এ. মারফি বলেন, "দুর্ভাগ্যবশত, অন্টারিও লেকের (Lake Ontario) উপকূলের কমিউনিটিগুলির জন্য গত কয়েক বছর ধরে গুরুতর বন্যার হুমকি একটি নতুন বাস্তবতা হয়ে উঠেছে। গভর্নর কুওমোর নেতৃত্বকে ধন্যবাদ জানাই, নিউ ইয়র্ক আগের তুলনায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আরও বেশি প্রস্তুত। আমাদের জরুরি ব্যবস্থাপনার বিশেষজ্ঞগণ আমাদের স্থানীয় অংশীদারদের সঙ্গে নিয়মিত যোগাযোগ চালিয়ে যাচ্ছেন এবং আমরা যেকোনো উপায়ে তাদের সহায়তা করতে প্রস্তুত।"

পরিবেশ সংরক্ষণ দপ্তর এর কমিশনার, বেসিল সেগোস বলেন, "DEC কর্মীগণ সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে এবং লেক অন্টারিও ও সেন্ট লরেন্স নদী এর ক্রমবর্ধমান পানির লেভেল দ্বারা প্রভাবিত যেকোনো কমিউনিটিকে সহায়তা করার জন্য প্রস্তুত থাকে। যেহেতু আমাদের পরিবর্তনশীল জলবায়ু এই চরম বৃষ্টিপাত এবং বন্যার ঘটনাগুলিকে আরও ইন্ধন যোগায়, তাই গভর্নর কুওমো নিউ ইয়র্ককে প্রস্তুত করা এবং আমাদের উপকূলীয় স্থিতিশীলতা উন্নতি করার পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করেছে। আমরা এলাকার অবস্থার পর্যবেক্ষণ চালিয়ে যাব এবং ক্রমবর্ধমান পানির লেভেলের কারণে যেকোনো প্রভাবের মোকাবেলা করার জন্য প্রস্তুত আছি।"

2017 সালের লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স সমুদ্রপথ উভয় নদীর বন্যা, যা ঘরবাড়ি, ব্যবসা এবং স্থানীয় অবকাঠামোর ক্ষতি করে, গভর্নর কুওমো এবং হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগ কাউন্টি এবং স্থানীয় অংশীদারদের সাথে পানির লেভেল পর্যবেক্ষণ এবং সম্পদ সরবরাহের লক্ষ্যে লক্ষ লক্ষ বালির ব্যাগসহ হাজার হাজার ফুট অস্থায়ী বাঁধ নির্মাণের জন্য সমন্বয় সাধন করেন। উপরন্তু, গভর্নর সফলভাবে মনরো এবং কায়ুগা কাউন্টিসহ বন্যা দ্বারা প্রভাবিত কাউন্টির জন্য একটি যুক্তরাষ্ট্রীয় দুর্যোগ ঘোষণা সুরক্ষিত করেন, যা গভর্নর আপিল দায়ের না করা পর্যন্ত প্রাথমিকভাবে ঘোষণা থেকে বাদ দেওয়া হয়েছে।

এছাড়াও স্টেটটি লেক অন্টারিও ও সেন্ট লরেন্স নদীর উপকূলের জন্য 95 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত অধিবাসীদের, ক্ষুদ্র ব্যবসা এবং পৌরসভাগুলির সহায়তার জন্য প্রাথমিকভাবে 45 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির সাথে পুনরুদ্ধারের কর্মসূচিটি শুরু হয়েছিল। পূর্ববর্তী ত্রাণ কার্যক্রমকে শক্তিশালী করতে এবং পুনরুদ্ধারের প্রচেষ্টায় প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের জন্য এটি স্টেট ও পৌরসভা সুবিধা কর্মসূচি (State and Municipal Facilities

Program) থেকে দুইটি 5 মিলিয়ন মার্কিন ডলারের অনুদানের সাথে সম্পূরক হিসেবে যুক্ত হয়েছিল। 2018-19 স্টেট বাজেটে পুনরুদ্ধার কর্মসূচির জন্য অতিরিক্ত 40 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল, যা বন্যা ও সমুদ্রের বাঁধ পুনর্নির্মাণের সময় জরুরি মেরামতের জন্য অর্থ প্রদান, উপকূল পুনর্গঠন এবং স্থিতিশীলতাকে সমর্থন করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন